দৈনিক ইত্তেফাক

তারিখ 01 JUL 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# এইচএসসি পরীক্ষা । গতকাল ৯ শতাধিক বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (সোমবার) দেশের ৪টি শিক্ষা বোর্ডের ১৯৯২ সালের এইচএসসি পরীক্ষার ৪র্থ দিনে ইংরাজী দ্বিতীয় পত্রের পরীক্ষা মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। কোথাও কোন প্রকার অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায় নাই। তবে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ বোর্ডে প্রায় সাড়ে ৯ শত পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এইচ এসসি পরীক্ষা

( ১ম পৃঃ পর )

ঢাকা বোর্ড সূত্রে জানা যায় : মোট বহিষ্কারের সংখ্যা ২৮৭। নগরীর সরকারী বাংলা কলেজ কেন্দ্রে ১জন, আদর্শ কলেজ কেন্দ্রে ৩জন, শেখ বোরহান উদ্দিন কলেজ কেন্দ্রে ৮জন, হাবিবুল্লাহ বাহার কলেজ কেন্দ্রে ১ জন বহিষ্কৃত হয়। ইহাছাড়া নারায়ণগঞ্জ জেলায় ১২ জন, গাজীপুর জেলায় ১৪ জন, মুন্সিগঞ্জ জেলায় ২১ জন, মানিকগঞ্জ জেলায় ৭ জন, ময়মনসিংহ জেলায় ৮০ জন, কিশোরগঞ্জ জেলায় ২৫ জন, নেত্রকোনা জেলায় ৩৩ জন, জামালপুর জেলায় ১৮ জন, শেরপুর জেলায় ২ জন, ফরিদপুর জেলায় ১৮ জন, গোপালগঞ্জ জেলায় ২৮ জন, মাদারীপুর জেলায় ৭ জন, রাজবাড়ি জেলায় ৪ ও শরিয়তপুর জেলায় ৫ জন বহিষ্কার হয়।

রাজশাহী বোর্ড জানায় : মোট বহিষ্কারের সংখ্যা ৩৭৭। রাজশাহী জেলায় ৩০ জন, নাটোর জেলায় ১৫ জন, নওগাঁ জেলায় ২৪ জন, পাবনা জেলায় ৩০ জন, সিরাজগঞ্জ জেলায় ৩৪ জন, বগুড়া জেলায় ৪১ জন, ঠাকুরগাঁও জেলায় ১১ জন, পঞ্চগড় জেলায় ১৪ জন, রংপুর জেলায় ৮০ জন, লালমনিরহাট জেলায় ১ জন, নীলফামারী জেলায় ২৩ জন, দিনাজপুর জেলায় ৩৫ জন, কুড়িগ্রাম জেলায় ৬ জন, গাইবান্ধা জেলায় ২৩ জন বহিষ্কৃত হয়।

কুমিল্লা বোর্ড জানায় : মোট বহিষ্কারের সংখ্যা ২২৭ জন। কুমিল্লা জেলায় ৮৭ জন, ফেনী জেলায় ৪৭ জন, চট্টগ্রাম জেলায় ৫০ জন, কক্সবাজার জেলায় ৪৩ জন বহিষ্কৃত হয়।

যশোর বোর্ড জানায় : মোট বহিষ্কারের সংখ্যা ৫৫। ঝিনাইদহ জেলায় ১০জন, পটুয়াখালী জেলায় ৩ জন, ভোলা জেলায় ৪ জন, ঝালকাঠি জেলায় ৫ জন, পিরোজপুর জেলায় ১ জন, বরিশাল জেলায় ৭ জন, মেহেরপুর জেলায় ৬ জন, কুষ্টিয়া জেলায় ৩ জন, খুলনা শহরে ৩ জন ও যশোর জেলায় ১৩জন বহিষ্কৃত হয়।

দিনাজপুর সংবাদদাতা ।। গত সোমবার এইচএসসি ইংরেজী পরীক্ষা চলাকালে কেজিএম কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীর ছুঁড়িয়া মারা ইটের আঘাতে কেন্দ্র পরিদর্শনরত দিনাজপুরের অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট আবু জাফর আহত হন। এ ব্যাপারে পুলিশ দুইজন পরীক্ষার্থীকে গ্রেফতার করে। কোতোয়ালী থানায় এজাহার দায়ের করা হইয়াছে।

চাঁপাইনবাবগঞ্জ সংবাদদাতা ।। ইংরেজী পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল মঙ্গলবার জেলার ৬টি কেন্দ্র হইতে ৪১ জন এইচএসসি পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। ব্রাহ্মণবাড়িয়া : ৪টি কেন্দ্র হইতে ৮ জন বহিষ্কৃত। কুমিল্লা : ২৩টি কেন্দ্রে ৮৭ জন বহিষ্কৃত হয়।